বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

তারিখ 21 MAR 1989
পৃষ্ঠা 7 কলাম 8

128

# নিয়োগ বৈধ ঘোষণার পরেও ২০ জন প্রাইমারী শিক্ষক বেতন পাচ্ছে না

উপজেলা প্রশাসনের উপর শিক্ষা মন্ত্রণালয় নির্দেশ দেয়া সত্ত্বেও ছাতক উপজেলার ২০ জন প্রাথমিক শিক্ষক বেতন পাননি।

গত ৮৭ সালের এপ্রিল মাসে ছাতক উপজেলা পরিষদ এই ২০ জন প্রাথমিক শিক্ষক নির্বাচনী পরীক্ষার মাধ্যমে নিয়োগ করে। নিয়োগের এক মাস পর উপজেলা চেয়ারম্যান তাদের নিয়োগ আদেশ বাতিল করে।

এ ঘটনা প্রাথমিক শিক্ষা বিভাগের মহাপরিচালকের পক্ষ থেকে তদন্তের পর শিক্ষা মন্ত্রণালয়ের মতামত দেয়ার জন্য তা মন্ত্রণালয়ে পাঠান হয়। মন্ত্রণালয় শিক্ষকদের নিয়োগ বৈধ ঘোষণা করে তাদের কাজে যোগদানের তারিখ থেকে বেতন দেওয়ার নির্দেশ দেয়। কিন্তু উপজেলা প্রশাসন আজও তাদের বেতন দেননি। খবর প্রেস বিজ্ঞপ্তির।